

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd.

স্মারক নং-৪৬.০৪৬.০১৮.০০.০০.০৯৪.২০১৬-৬৩৮


তারিখ : ০৯ মে, ২০১৬।

বিষয় : উপজেলা ডিজিটাল সেন্টার (ইউডিসি) স্থাপন ও পরিচালনা বিষয়ক নির্দেশিকা-২০১৬।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] অনুযায়ী স্ব স্ব এলাকাভুক্ত নাগরিকদের এই আইন ও অন্যান্য আইনের দ্বারা প্রতিষ্ঠিত বিধান অনুসারে সকল প্রকার নাগরিক সুবিধা প্রদান করা উপজেলা পরিষদের অন্যতম মূল দায়িত্ব। উপজেলা পরিষদের সেবাকে জনগণের দৌরগোড়ায় পৌঁছে দেয়ার জন্য উপজেলা ডিজিটাল সেন্টার (ইউডিসি) প্রতিষ্ঠা এবং সেবা চুক্তির (সার্ভিস এগ্রিমেন্ট) মাধ্যমে জনগণের চাহিদা মাফিক সেবা প্রদান করাই উপজেলা ডিজিটাল সেন্টার প্রতিষ্ঠার মূল উদ্দেশ্য। স্থানীয় সরকার শক্তিশালীকরণ, জনগণের দৌরগোড়ায় ই-সেবা পৌঁছানো নিশ্চিতকরণ এবং আত্ম-কর্মসংস্থান উপজেলা ডিজিটাল সেন্টারের মাধ্যমে সম্ভব হবে। এ লক্ষ্যে উপজেলা ডিজিটাল সেন্টার (ইউডিসি) স্থাপন করা ও কেন্দ্র পরিচালনা বিষয়ক একটি নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে।

২। এমতাবস্থায়, উপজেলা পরিষদ ডিজিটাল সেন্টার (ইউডিসি) স্থাপন ও পরিচালনা বিষয়ক নির্দেশিকা-২০১৬ এতদসংগে প্রেরণ করা হলো। উক্ত নির্দেশিকা অনুযায়ী উপজেলা ডিজিটাল সেন্টার (ইউডিসি) স্থাপন ও পরিচালনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।


(লুৎফুন নাহার)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৫৬২২৪৭

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জেলা (সকল)।
২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা, জেলা (সকল)।

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
২। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
৩। যুগ্মসচিব (প্রশাসন/ইপ/উপজেলা), স্থানীয় সরকার বিভাগ।
৪। জেলা প্রশাসক, (সকল)।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৬। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।